**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date:** 11.08.2026 **Desk in Charge: SDG**
**Time:** 1.30 **PM** **Edit & Compile: Prabal B.**
**DEO:- KB** **NRT:- Prabal B.**
**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি-

## বিশেষ বিশেষ খবর-

১/ সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, লোকসভায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ যন্তরমন্তরে পড়ুয়াদের ওপর পুলিশি দমন পীড়নের বিষয়ে বিবৃতি দিতে প্রস্তুত। বিরোধী সদস্যদের তিনি সভা নির্বিঘ্নে চলতে দেওয়ার আর্জি জানান।

২/ NEET কাণ্ডে শিক্ষার্থীদের ওপর পুলিশি নির্যাতন ও অন্যান্য ইস্যুতে বিরোধীদের হট্টগোলের জেরে সংসদের উভয়সভার অধিবেশনই দুপুর ২টা পর্যন্ত মুলতবি।

৩/ আন্দোলনরত পড়ুয়াদের বিধানসভা অভিযান চলাকালীন পুলিশের লাঠিচার্জের প্রতিবাদে বিজেপি আজ ঝাড়খণ্ড বন্ধের ডাক দিয়েছে।

৪/ পশ্চিমবঙ্গে SIR আপিল ট্রাইব্যুনালের জন্য কোনও নির্দিষ্ট সময় বেঁধে দেওয়া সম্ভব নয় বলে জানিয়েছে সুপ্রিম কোর্ট ।

৫/ ভারতীয় আবহাওয়া দপ্তর, রাজস্থান এবং পশ্চিম মধ্যপ্রদেশে আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির 'লাল সতর্কতা' জারি করেছে।

*****************************************************************************

NEET ইস্যুতে শিক্ষার্থীদের ওপর পুলিশি দমন পীড়নের বিরুদ্ধে বিরোধীদের হট্টগোলের জেরে লোকসভার অধিবেশন দুপুর ২টা পর্যন্ত মুলতবি করে দিতে হয় ।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, লোকসভায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ যন্তরমন্তরে পড়ুয়াদের ওপর পুলিশি দমন পীড়নের বিষয়ে বিবৃতি দিতে প্রস্তুত। তিনি বিরোধী সদস্যদের সভা নির্বিঘ্নে চলতে দেওয়ার আর্জি জানান।

( বাইট- রিজিজু )

সকাল ১১টায় লোকসভার অধিবেশন শুরু হলে অধ্যক্ষ 'প্রশ্নকাল' শুরু করার উদ্যোগ নেন, তবে সেসময় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বিবৃতি দাবি করেন বিরোধী সদস্যরা।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা লোকসভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিরোধী সদস্যদের সহযোগিতা করার আহ্বান জানান।

(বাইট- ওম বিড়লা )

বারবার সভার কাজে বিঘ্ন ঘটায় অধ্যক্ষ ওম বিড়লা উদ্বেগ প্রকাশ করেন এবং হট্টগোল জারি থাকায় সংসদের অধিবেশন দুপুর ২ টো পর্যন্ত মুলতবি করে দেন।

**********************************

একই ইস্যুতে রাজ্যসভার অধিবেশনও দুপুর ২'টো পর্যন্ত মুলতবি করে দেওয়া হয়। বেলা ১২টায় উচ্চকক্ষের অধিবেশন পুনরায় শুরু হলে বিরোধী দলের হইহট্টগোলের মধ্যেই চেয়ারম্যান সি. পি. রাধাকৃষ্ণন প্রশ্নোত্তর পর্ব শুরু করেন, কিন্তু বিরোধীদের ধারাবাহিক স্লোগানের কারণে তা পরিচালনা করা সম্ভব হয়নি। এই পরিস্থিতির মধ্যে চেয়ারম্যান শেষ পর্যন্ত দুপুর ২টা পর্যন্ত সভা মুলতবি ঘোষণা করেন।

**********************************

দেশের বর্ষা পরিস্থিতি এবং তার ওপর ‘এল নিনো’-র সম্ভাব্য প্রভাবের ওপর সরকার নিরন্তর নজর রেখে চলেছে বলে কেন্দ্রীয় কৃষি ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী রামনাথ ঠাকুর আজ লোকসভায় জানিয়েছেন।

এক লিখিত প্রশ্নের উত্তরে তিনি জানান, আবহাওয়া দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে ১৫ টি রাজ্যের ৩৪২ টি জেলায় জরুরী কৃষি পরিকল্পনা হালনাগাদ করা হয়েছে। এইসব জেলায় স্বাভাবিকের চেয়ে কম বৃষ্টির আশঙ্কা। ‘এল নিনো’-র ঝুঁকি সামলাতে নির্দিষ্ট কৃষি পদ্ধতি অবলম্বনের জন্য বলা হয়েছে।

***********************************

NDA সংসদীয় দলের সাপ্তাহিক বৈঠক মঙ্গল মিলন আজ নতুন দিল্লির সংসদ ভবনের চত্বরে অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপি সভাপতি নিতিন নবীন ও এনডিএর অন্য নেতৃবৃন্দ তিরঙ্গা পতাকা নেড়ে দেশমাতৃকাকে সম্মান জানান।

***********************************

এবার হর ঘর তিরঙ্গার খবর –

( ইনসার্ট- হর ঘর তিরঙ্গা)

৮০-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে দেশ জুড়ে হয় ঘর তিরঙ্গা অভিযানের অংশ হিসেবে আজ পাঞ্জাবের বিভিন্ন স্থানে তিরঙ্গা যাত্রা বের হয়। পাঞ্জাবের বিজেপি সভাপতি কেবল সিং ধিঁলো রোপার জেলায় এই যাত্রার নেতৃত্ব দেন। চন্ডীগড় প্রশাসনের পক্ষ থেকে হর ঘর তিরঙ্গা ও বন্দেমাতরম দেড়শ বছর পূর্তি উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

উত্তরপ্রদেশের সব মাদ্রাসায় উৎসাহ উদ্দীপনার সঙ্গে  হর ঘর তিরঙ্গা অভিযান উদযাপিত হবে। বারাণসীতে স্বনির্ভর গোষ্ঠীর প্রায় ৮০০ মহিলা হর ঘর তিরঙ্গা অভিযান সক্রিয় ভূমিকা পালন করছেন। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা, বিধানসভার অধ্যক্ষ বিজেন্দার গুপ্তা ও বিধায়করা আজ দিল্লি বিধানসভা চত্বরে হর ঘর তিরঙ্গা অভিযানে সামিল হন।

মহাত্মা গান্ধীর মূর্তির পাদদেশে থেকে শোভাযাত্রা শুরু হয়ে বি আর আম্বেদকরের মূর্তির সামনে গিয়ে শেষ হয়।

*********************************

৮০ তম স্বাধীনতা দিবস উদযাপনে এবার দেশের যুবশক্তি এবং ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্যে দেশের যুব সমাজের অবদান, বিশেষ গুরুত্ব পাবে। পাশাপাশি জাতীয় স্তোত্র "বন্দে মাতরম"এর ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে এই প্রথম লাল কেল্লায় স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে এই স্তোত্র গাওয়া হবে। নতুন দিল্লিতে গতকাল প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং সংবাদ মাধ্যমকে জানান,প্রতিবছরের মত এবারেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লাল কেল্লার প্রাকার থেকে জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

(বাইট-রাজেশ কুমার সিং)

*********************************

ঝাড়খণ্ডে সরকারি চাকরির নিয়োগ পরীক্ষায় কথিত অনিয়মের অভিযোগে অনশনরত ছাত্র নেতা দেবেন্দ্র নাথ মাহাতোর শারীরিক অবস্থা অবনতি হওয়ায় তাকে রাঁচি সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। গত নয় দিন ধরে অনশন করছেন তিনি। তাঁর রক্তে শর্করার মাত্রা আশঙ্কাজনকভাবে কমে গেছে। আন্দোলনরত পড়ুয়াদের বিধানসভা অভিযান চলাকালীন গতকাল পুলিশের লাঠিচার্জে ওই নেতা আহত হয়েছেন বলে দাবি করা হয়েছে। জেপিএসসি, এবং জেএসএসসি পরীক্ষায় অনিয়মে সিবিআই তদন্তের দাবিতে বিধানসভা ঘেরাও অভিযানে অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের ওপর পুলিশি দমন পীড়ন এবং লাঠিচার্জের প্রতিবাদে বিজেপি আজ রাজ্যজুড়ে বনধের ডাক দিয়েছে। তবে জরুরি পরিষেবাগুলিকে এই বনধের আওতার বাইরে রাখা হয়েছে।

রাঁচির ডেপুটি কমিশনার মঞ্জুনাথ ভজনত্রি শান্তিপুর্নভাবে বন্ধ পালন এবং আইন শৃঙ্খলা রক্ষার জন্য সকলের প্রতি আবেদন জানিয়েছেন। রাঁচির গুরুত্বপুর্ন স্থানগুলিতে নিরাপত্তা বৃদ্ধি করা হয়েছে। উল্লেখ্য, বিক্ষভকারি পড়ুয়াদের বিধ্নাসভা অভিযানকে কেন্দ্র করে দফায় দফায় উত্তেজনা ছড়ায়। বিধানসভার বাইরে দুপক্ষের সংঘর্ষে বেশ কয়েকজন

আন্দোলনকারী ও চার পুলিশকর্মী আহত হয়েছেন বলে খবর। মিছিল আটকাতে জলকামান চালায় পুলিশ। করা হয় লাঠিচার্জও।

***********************************

**বিশিষ্ট সাহিত্যিক, পাঞ্চজন্য পত্রিকার প্রাক্তন সম্পাদক তথা প্রাক্তন সাংসদ তরুণ বিজয়ের প্রকাশিত হতে চলা বই Saffron Surge এর বিষয়বস্তু নিয়ে তার মুখোমুখি আকাশবাণীর সাংবাদিক অভিরূপ ভট্টাচার্য্য। সাক্ষাৎকারটি শোনা যাবে আজ রাত ৮টা থেকে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে এবং আকাশবাণীর social media platform এ।**

***********************************

রাজ্যের SIR আপিল ট্রাইব্যুনালের জন্য কোন নির্দিষ্ট সময় বেঁধে দেওয়া সম্ভব নয় বলে জানিয়ে দিয়েছে সুপ্রিমকোর্ট। তবে কংগ্রেসের প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরীর দায়ের করা মামলায় এখন পর্যন্ত ট্রাইব্যুনালে কতজনের আপিলের নিস্পত্তি হয়েছে সেই তথ্য আদালতে নির্বাচন কমিশনকে জানাতে নির্দেশ দিয়েছে শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি ভি মোহানার বেঞ্চ। আগামী ২৫ অগাস্ট হবে ফের শুনানি।

শ্রী চৌধুরীর অভিযোগ ছিল এখন পর্যন্ত ১% আপিলেরও নিস্পত্তি হয়নি ।পাশাপাশি তিনি মালদা ও মুরশিদাবাদের জন্য তিনি অতিরিক্ত বেঞ্চে গঠনের আবেদন জানিয়েছিলেন, কিন্তু সরব্বোচ্চ আদালত তাতেও সাড়া দেয়নি। আগামী শুনানিতে কমিশন আপিল নিষ্পত্তির সংখ্যা সম্পর্কে আদালতকে বিস্তারিত তথ্য জানাবেন ব লে,কমিশনের আইনজীবী জানিয়েছেন।

***********************************

মার্কিন যুক্তরাষ্ট্র ইমিগ্রেশন বা অভিবাসনের বিভিন্ন সুযোগ-সুবিধে পাওয়ার জন্য শীঘ্রই অনলাইন আবেদন বাধ্যতামূলক করতে চলেছে। এর মধ্যে রয়েছে গ্রীণ কার্ড, নাগরিকত্ব ও আশ্রয়ের মতো বিভিন্ন সুবিধে। মার্কিন নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা US, CIS-এর পক্ষ থেকে প্রকাশিত এক নতুন বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এর উদ্দেশ্য হলো - খরচ কমানো এবং কার্যকারিতা বৃদ্ধি। নতুন নিয়মের আওতায় অভিবাসন সংক্রান্ত আবেদন

পত্র শুধুমাত্র অনলাইনেই পাওয়া যাবে। আবেদনকারীদের এর জন্য অন্তত ৬০ দিনের নোটিশ দিতে হবে। এক্ষেত্রে USCIS-এর একটি অনলাইন অ্যাকাউন্ট থাকারও প্রয়োজন হবে। আবেদনকারীরা অনলাইনে ফর্ম পূরণ করে জমা দেওয়া অথবা সহায়ক নথিপত্রের সাহায্যে PDF ফর্মে আবেদনপত্র আপলোড করতে পারবেন।

*********************************

আরএসএস প্রধান মোহন ভাগবত আসন্ন মার্কিন যুক্তরাষ্ট্র সফরে ভারতীয়-মার্কিন সম্প্রদায়ের উদ্দেশ্যে ভাষণ দেবেন। চলতি মাসের শেষে আমেরিকা যাবেন তিনি। 'আমেরিকান হিন্দুস ফর এনগেজমেন্ট অ্যান্ড ডায়ালগ', AHEAD-এর আয়োজনে ২৯শে আগস্ট নিউ ইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে 'ইউনিভার্সাল ওয়াননেস সেলিব্রেশনস' শীর্ষক একটি অনুষ্ঠানে বক্তব্য রাখবেন শ্রী ভাগবত। এই অনুষ্ঠানে পাঁচ হাজারের বেশি ভারতীয়-মার্কিন নাগরিকের উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে। এহেড ফোরাম-এর পক্ষ থেকে অদিতি ব্যানার্জি এক বিবৃতিতে জানিয়েছেন, এই অনুষ্ঠানে রাখী বন্ধন উদযাপনের মধ্য দিয়ে ঐক্য, নাগরিক দায়িত্ববোধ এবং সম্প্রীতির বার্তা দেওয়া হবে।

উল্লেখ্য, এর আগে ২০১৮ সালে শিকাগোতে অনুষ্ঠিত 'বিশ্ব হিন্দু কংগ্রেস'-এ যোগ দিতে মোহন ভাগবত শেষবার মার্কিন যুক্তরাষ্ট্র সফর করেছিলেন।

*********************************

বীর বিপ্লবী ক্ষুদিরাম বসুর আত্মবলিদান দিবসটি আজ পশ্চিমবঙ্গ জুড়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে। এই উপলক্ষে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী কলকাতা হাইকোর্টের কাছে ক্ষুদিরাম বসুর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। নবান্ন ও বিধানসভা ভবনে দিনটি যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের কেশপুরে ক্ষুদিরাম বসুর মূর্তিতে মাল্যদান অনুষ্ঠানে যাওয়ার পথে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর হেলিকপ্টার আজ খারাপ আবহাওয়ার কারণে কোলাঘাটে জরুরী অবতরণ করতে বাধ্য হয়। পরে মুখ্যমন্ত্রী সড়ক পথে কেশপুর রওনা

হন। মোহবনী গ্রামে ক্ষুদিরাম বসুর পৈত্রিক বাসভূমিতে জেলা প্রশাসনের উদ্যোগে এক অনুষ্ঠানে ক্ষুদিরামের পূর্ণাবয়ব মূর্তিতে মাল্যদান করবেন তিনি।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকেও আজ ক্ষুদিরামের আত্মবলিদান দিবসে তাঁকে শ্রদ্ধা জানানো হয়।

পূর্ব মেদিনীপুর জেলা জুড়ে আজ দিনটি যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে। তমলুক হ্যামিল্টন হাইস্কুল, মেচেদা, চন্ডীপুর সহ জেলার বিভিন্ন জায়গায় থাকা ক্ষুদিরাম বসুর মূর্তিতে মাল্যদান-পুষ্পার্ঘ নিবেদনের পাশাপাশি প্রভাত ফেরী, আলোচনা সভা, প্রদর্শনী, সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

হুগলী জেলায়, বিকেলে বিজেপি জেলা দপ্তরে বিপ্লবী ক্ষুদিরাম বসুকে স্মরণ করা হবে। আজ বৈদ্যবাটী পুরোনো পোস্ট অফিস সংলগ্ন ক্ষুদিরাম বসুর মর্মর মূর্তিতে মাল্যদান ও শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান হয়।

*********************************

ভারতীয় আবহাওয়া দপ্তর, রাজস্থান এবং পশ্চিম মধ্যপ্রদেশে আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির 'লাল সতর্কতা' জারি করেছে। এছাড়া, আগামী দু'দিন গুজরাট, হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড এবং পশ্চিম উত্তরপ্রদেশেও ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস। দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড়, পাঞ্জাব, ছত্তিশগড়, অন্ধ্রউপকূল, পূর্ব মধ্যপ্রদেশ, জম্মু ও কাশ্মীর, লাদাখ, মধ্য মহারাষ্ট্র, ওড়িশা এবং পশ্চিম রাজস্থানে ভারী বৃষ্টির সম্ভাবনা। দেশের উত্তর-পূর্বাঞ্চলেও একইরকম আবহাওয়া থাকবে।

অন্যদিকে, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে আগামী দু-তিন দিন বজ্রবিদ্যুৎ সহ ঝড়ের পূর্বাভাস।

চলতি মাসের ১৬ তারিখ পর্যন্ত অন্ধ্রপ্রদেশ, পূর্ব উত্তরপ্রদেশ, ঝাড়খণ্ড, কর্ণাটক, কেরালা, মাহে, তামিলনাড়ু, পুদুচেরি ও বিহারে দমকা হাওয়া সহ ঝড় বৃষ্টি হতে পারে।

*************************************************************************